

যোগদান কাল বলতে কী বাঝায়? যে সকল ক্ষেত্রে যোগদান কাল প্রাপ্য: ডাউনলোড

সরকারী কর্মচারী যোগদানকালীন সময়ে প্রাপ্য হইবেন যদি তিনি বদলী না হইতেন, তাহা হইলে যে বেতন পাইবেন এবং নতুন পদে দায়িত্ব গ্রহণের প্রেক্ষিতে যে বেতন পাইবেন, এই দুইয়ের মধ্যে যাহা কম, সেই হারেই বিধি-৮০ (এ) অনুযায়ী যোগদানকারী যোগদানকালীন বেতন পাইবেন।

বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের বিধি-৮০ অনুযায়ী একজন সরকারী কর্মচারী নতুন পদে বা বদলীকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত যোগদানকাল পাকা হইবে। এই ক্ষেত্রে নিয়োগ বা বদলীর আদেশদানকারী কর্তৃপক্ষ বিধিতে প্রাপ্য যোগদানকালের সময়সীমা বিশেষ অবস্থায় বর্ধিত বা হ্রাস করিতে পারেন তাহাকেই যোগদান কাল বুঝায়।

যে যে ক্ষেত্রে যোগদানকাল প্রাপ্য

১। পূর্ব পদে কর্মরত থাকাকালীন সময়ে অন্যত্র নতুন পদে নিয়োগপ্রাপ্ত হইলে; অথবা

২। নতুন পদে যোগদানের উদ্দেশ্যে অনধিক চার মাসের গড় বেতনের ছুটি অথবা এই | সপ্তে চার মাসের অধিক নহে এইরূপ অবকাশ কাল এবং গড় বেতনের ছুটি হইতে ফিরিয়া নতুন পদে যোগদানের জন্য; অথবা

৩। কর্তৃপক্ষ যদি মনে করেন নতুন নিয়োগ সম্পর্কে সংশ্লিষ্ট কর্মচারীকে পর্যাপ্ত সময় পূর্বে অবহিত করা হয় নাই তাহা হইলে ২ নং ক্রমিকে বর্ধিত ছুটির ক্ষেত্র ব্যতীত অন্যান্য ছুটি হইতে ফিরিয়া নতুন পদে যোগদানের জন্য; অথবা

৪। বিদেশে চার মাসের অধিক সময়ের ছুটি (অবকাশকালসহ) ভাণ্ডার করিয়া দেশে ফিরিয়া আসিয়া বন্দর হইতে কর্মস্থলে যোগদানের জন্য মঞ্জুরীকৃত সময়ের জন্য; অথবা

৫। ছুটি হইতে প্রত্যাবর্তনের পর কোন নির্ধারিত স্থান হইতে দুর্গম অঞ্চলের কর্মস্থলে যাওয়ার জন্য; অথবা

৬। দুর্গম অঞ্চলের কোন কর্মস্থলের দায়িত্বভার অর্পণের পর কোন নির্ধারিত স্থানে ছুটিতে যাইবার জন্য।